# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**01 SEPTEMBER 2025 7:45—7:55 PM**

---

১) মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার আজ লোয়াইরপোয়া উন্নয়ন খন্ডের ৮ হাজার ৪শো ২৯ জন এবং পাথারকান্দি উন্নয়ন খন্ডের ৭ হাজার ২শো ৪২ জন হিতাধিকারীকে চেক প্রদান ।

২) এই অর্থের উপযুক্ত ব্যবহার হলে ৩টি পর্যায়ে স্ব-নির্ভর গোষ্ঠীর মহিলারা মোট ৮৫ হাজার টাকা লাভ করবেন বলে মুখ্যমন্ত্রীর ঘোষণা ।

৩) মুখ্যমন্ত্রীর শহীদ বি এস এফ জোওয়ান রাজীব নুনিয়ার পরিবারকে ৫০ লক্ষ টাকা আর্থিক সহায়তা প্রদান করার কথা ঘোষণা ।

এবং

৪) মালয়েশিয়ার প্রথম বিশ্বকাপ ল-ন বল প্রতিযোগিতার ভারতীয় দলে আসামের নয়নমণি শইকিয়া এবং পুতুল সনোয়াল অর্ন্তভুক্ত।

---

রাজ্যের নারী সামাজকে সাবলীকরণের মাধ্যমে তাদের পরিবর্তনের বাহক হিসেবে গড়ে তোলার প্রয়াসের অংশ হিসেবে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে পাথারকান্দি বিধানসভা এলাকার স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের চেক প্রদানের শুভারম্ভ করেন । আজকের এই অনুষ্ঠানে পাথারকান্দি এলাকার ১৫ হাজার ৬শো ৭১টি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যদের ১০ হাজার টাকার আর্থিক সহায়তার চেক প্রদান করা হয় । এরমধ্যে লোয়াইরপোয়া উন্নয়ন খন্ডের ৮ হাজার ৪শো ২৯ জন এবং ৭ হাজার ২শো ৪২ জন পাথারকান্দি উন্নয়ন খন্ডের হিতাধিকারী রয়েছেন ।

এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে অংশ নিয়ে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে লাভ করা এই ১০ হাজার টাকা উৎপাদনমূলক কাজে ব্যবহার করে নিজেদের আর্থিকভাবে স্বাবলম্বী করে গড়ে তোলা সহ পরিবারের অন্যান্য সদস্যদেরও এই কাজে সহায়তা করার আহ্বান জানান । তিনি বলেন যে মহিলারা এই অর্থ নিজরাই কোন উৎপাদনমূলক কাজে অথবা স্ব-নির্ভর কোন গোষ্ঠীতে যোগ দিয়ে এই অর্থ যৌথ ভাবে কাজে লাগাতে পারেন । মহিলারা চাইলে এর্থ পরিবারের কোন নিজস্ব ব্যবসাতেও কাজে লাগাতে পারেন বলে তিনি মত প্রকাশ করেন । মুখ্যমন্ত্রী বলেন যে উদ্যমিতা তহবিল প্রদান করার প্রক্রিয়া এখানেই সমাপ্ত হবে না । আগামী বছর রাজ্য সরকার এই ১০ হাজার টাকার উদ্যমিতা প্রকল্পের অর্থ মহিলারা কিভাবে ব্যায় করেছেন সে সম্পর্কে একটি সমীক্ষা চালাবে এবং এই অর্থ যারা সঠিক ভাবে ব্যায় করবেন তারা পুনরায় ২৫ হাজার টাকা করে পাবেন । ওই ২৫ হাজার টাকার ১২ হাজার ৫শো টাকা রাজ্য সরকার এবং অবশিষ্ট ১২ হাজার ব্যাঙ্কের মাধ্যমে প্রদান করা হবে । তিনি বলেন যে এই পুজি সৎব্যবহার হলে সরকার পরবর্তী পর্যায়ে ৫০ হাজার টাকা করে প্রদান করবে । মুখ্যমন্ত্রী বলেন যে মোট ৩টি পর্যায়ে স্ব-নির্ভর গোষ্ঠীর মহিলারা মোট ৮৫ হাজার টাকা লাভ করবেন । প্রসঙ্গত তিনি আজকের প্রদেয় এই উদ্যমিতা প্রকল্পের অর্থ উৎপাদনমূলক কাজ ছাড়া অন্য কোন কাজে ব্যবহার না করতে মহিলাদের প্রতি আহ্বান জানান । আজকের প্রথম পর্যায়ের এই অর্থের উপযুক্ত ব্যবহার হলে পরবর্তী পর্যায়ে মহিলাদের দ্বিতীয় পর্যায়ের অর্থ অতি সহজেই প্রদান করা হবে বলে মুখ্যমন্ত্রী নিশ্চয়তা প্রদান করেন ।

মুখ্যমন্ত্রী বলেন..... বাইট

প্রসঙ্গত মুখ্যমন্ত্রী বলেন যে আগামী ১৭ সেপ্টেম্বর থেকে অরুণোদয় তৃতীয় পর্যায় রূপায়নের কাজ রাজ্য সরকার আরম্ভ করবে । এই প্রকল্পের মাধ্যমে মহিলাদের ১ হাজার ২শো ৫০ টাকা করে প্রদান করা ছাড়াও রান্নার গ্যাসের সিলিন্ডার ক্রয় বাবদ ২শো ৫০ টাকা করে সরকারী সহায়তা প্রদান করার ব্যবস্থা করা হয়েছে বলে তিনি জানান । তিনি আরো জানান যে রাজ্য সরকার আগামী পয়লা নভেম্বর থেকে রাশন কার্ডের মাধ্যমে বাজার থেকে কম দামে ডাল , চিনি এবং লবন প্রদানের কার্যসূচি গ্রহণ করবে । মুখ্যমন্ত্রী ছাত্র-ছাত্রীদের সুবিদার্থে গ্রহণ করা নিজুত মইনা প্রকল্পের কথা উল্লেখ করে বলেন যে মাধ্যমিক পরীক্ষার্থীদের পুষ্টিকর খাদ্য ক্রয় কারা সুবিদার্থে প্রতিমাসে ৩শো টাকা করে প্রদান করার কথাও সরকার বিবেচনা করছে ।

---------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা শহীদ বি এস এফ জওয়ান রাজীব নুনিয়ার পরিবারকে ৫০ লক্ষ টাকা আর্থিক সাহায্য প্রদানের কথা ঘোষনা করেছেন । মূখ্যমন্ত্রীর হয়ে রাজ্যসভার সাংসদ কনাদ পুরকায়স্থ , ধলাই-র বিধায়ক নীহার রঞ্জন দাস আজ শহীদ রাজীব নুনিয়ার ঘরে উপস্থিত থেকে পরিবারের সদস্যদের একথা জানিয়েছেন । উল্লেখ্য গত ২৭শে আগষ্ট কাছাড় জেলার উধারবন্দের দয়াপুর গ্রামের বাসিন্দা বি এস এফ জোওয়ান রাজীব নুনিয়া জম্মুর আখনূর সেক্টরে আকস্মিক বন্যায় প্রান হারিয়েছেন ।
এ বিষয়ে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে সাংসদ কনাদ পুরকায়স্থ জানান -------

---------------------------------------------------------------------------------------

রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য গৌহাটীতে অনুষ্ঠিত সশস্ত্র বাহিনী পতাকা দিবসের তহবিল ব্যবস্থাপনা সমিতির ৪৮ তম রাজ্য বৈঠকে অংশগ্রহণ করেন । প্রাক্তন সেনাদের কল্যাণ ও পুর্নবাসনের জন্য গঠিত এই সমিতির বৈঠকে সেনা জওয়ান এবং তাঁদের কল্যাণের সঙ্গে জড়িত বিষয়সমূহ আলোচনা করা হয় । বৈঠকে রাজ্যপাল সেনাবাহিনীর প্রাক্তন জওয়ানদের কল্যাণের কাজে দায়বদ্ধতা প্রদর্শন করা সকলকে কৃতজ্ঞতা জ্ঞাপন করেন । সেইসঙ্গে তিনি এই সেনা জওয়ানদের সহায়তার জন্য উৎকৃষ্ট সেবা প্রদান ছাড়াও নৈতিক মান বজায় রাখার আহ্বান জানান । তিনি ডিজিটেল ব্যবস্থায় এই সুবিধাগুলি আরো উন্নত করে তোলার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

বৃত্তিমুখী শিক্ষা ও প্রশিক্ষণের জাতীয় কমিশন উত্তর-পূর্বাঞ্চলের জন্য আগামীকাল গৌহাটীতে এক কর্মশালার আয়োজন করেছে । খানাপারার আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে অনুষ্ঠেয় এই কর্মশালায় আসাম ছাড়াও অরুণাচলপ্রদেশ ,মণিপুর ,মেঘালয় , মিজোরাম , নাগালেন্ড , সিকিম এবং ত্রিপুরার প্রশিক্ষার্থীরা অংশগ্রহণ করবে । উল্লেখ্য ২০১৮ সালে কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠা করা জাতীয় বৃত্তিমূখী শিক্ষা এবং প্রশিক্ষণ পর্ষদ দেশের বিভিন্ন প্রান্তে বৃত্তিমুখী শিক্ষা ও প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করে আসছে । এই পর্ষদ দেশের বৃত্তিমুখী শিক্ষা ও প্রশিক্ষণের গুনগত মানের উন্নয়নের প্রতি দায়বদ্ধ ।

---------------------------------------------------------------------------------------

চতুর্দশ নাগালেন্ড বিধানসভার সপ্তম অধিবেশন আগামীকাল থেকে আরম্ভ হবে । দুদিনব্যাপী অনুষ্ঠেয় এই অধিবেশন শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপনের মাধ্যমে আরম্ভ হবে । এরপর প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হবে । অধিবেশনে জনস্বার্থজড়িত বহু আলোচনা অনুষ্ঠিত হওয়া সহ বেশকয়েকটি সরকারী বিল উত্থাপন করা হবে এবং বেশকয়েকটি সরকারী সিদ্ধান্ত

গ্রহণ করা হবে । অধিবেশনে বার্ষিক প্রশাসনিক প্রতিবেদন এবং বিধানসভা সমিতির প্রতিবেদনও উত্থাপন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

বিচারপতি অনিমা হাজারিকা পরিচালিত উমরাংশু খনি দূর্ঘটনার তদন্তের জন্য গঠিত এক সদস্যের তদন্ত কমিশনের শুনানী গুয়াহাটীর খানাপাড়ায় আসাম প্রশাসনিক স্টাফ কলেজে আগামী ৯ ও ১১ই সেপ্টেম্বর অনুষ্ঠিত হবে । তদন্ত কমিশনের সচিব কুলেন শর্মা এক বিজ্ঞপ্তী জারী করে বে-আইনী উমরাংশু খনি দূর্ঘটনা সংক্রান্ত কোন তথ্য প্রমান থাকলে  জনসাধারন , সংস্থা , ভুক্তভোগী পরিবারের সদস্য বা এই ঘটনার সঙ্গে জড়িত যেকোন ব্যাক্তিকে শুনানীর জন্য নির্ধারিত স্থানে উপস্থিত থাকতে অনুরোধ জানিয়েছেন । খানাপাড়ার প্রশাসনিক স্টাফ কলেজের ২১২ নম্বর কক্ষে এই শুনানী ৯ এবং ১১ই সেপ্টেম্বর সকাল সাড়ে ১০টা থেকে বিকেল চারটা পর্য্যন্ত গ্রহণ করা হবে ।

---------------------------------------------------------------------------------------

আগামী চার থেকে ৮ নভেম্বর পর্যন্ত মালয়েশিয়ায় অনুষ্ঠেয় প্রথম বিশ্বকাপ লন বল প্রতিযোগীতার ভারতীয় দলে আসামের অর্জুন পুরস্কারে সম্মানিত নয়নমণি শইকিয়া ও পুতুল সনোয়াল স্থান লাভ করেছে । গত ২৬ আগস্ট থেকে ৩১ শে আগস্ট পর্যন্ত নতুন দিল্লীতে অনুষ্ঠিত শিবিরে  এই দুজন খেলোয়াড়কে বাছাই করা হয় । আসাম লন বল সংস্থা খেলোয়াড় নয়নমণি শইকিয়া ও পুতুল সনোয়ালকে অভিনন্দন জ্ঞাপন করে তাঁদের সফলতা কামনা করেছে ।

---------------------------------------------------------------------------------------

ভারতীয় জনতা পার্টির কাছাড় জেলা কমিটির পক্ষ থেকে আজ শিলচর ক্ষুদিরাম মূর্তির পাদদেশে বিক্ষোভ কার্য্যসূচী পালন করা হয়েছে । উল্লেখ্য সম্প্রতি কংগ্রেস নেতা রাহুল গান্ধী দেশের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর মায়ের নামে যে কুরুচিপূর্ন মন্তব্য করেছেন , তার প্রতিবাদে আজ বিজেপির কর্মী-সর্মথকরা এই বিক্ষোভ কার্য্যসূচী পালন করেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমির পঞ্জীকৃত যুব ক্লাব এবং জিমগুলিকে ক্রীড়া সরঞ্জাম বিতরন অনুষ্ঠান আগামীকাল দুপুর ১২টায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে । রাজ্যের পশু পালন ও পশু চিকিৎসা , মৎস্য এবং পূর্ত বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল এতে মূখ্য অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ।

---------------------------------------------------------------------------------------